



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৮ মে ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে ইউপিডিএফ'র তিন সদস্যকে গুলি করে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ সোমবার (২৮ মে ২০১৮) সকালে বাঘাইছড়ি উপজেলার সাজেক ইউনিয়নের গঙ্গারাম করল্যাছড়িতে সংস্কারবাদী জেএসএস-এর সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ ও গণতান্ত্রিক যুব ফোরামের ৩ সদস্যকে গুলি করে হত্যা ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি এ হত্যাকাণ্ডের ঘটনায় সেনাবাহিনীর যোগসাজশ থাকার অভিযোগ করে বলেন, গতকাল রবিবার রাতে সেনাবাহিনীর নিরাপত্তায় একটি মাইক্রোবাসযোগে সংস্কারবাদী জেএসএস-এর ১০-১২ জনের একটি সশস্ত্র সন্ত্রাসী দলকে গঙ্গারাম করল্যাছড়ি এলাকায় নিয়ে যাওয়া হয়। আজ সোমবার সকাল ৭টার দিকে ওঁৎ পেতে থাকা উক্ত সন্ত্রাসী দলটি সেখানে একটি বাড়িতে অবস্থানরত ইউপিডিএফ সদস্যদের ওপর অতর্কিতে ব্রাশ ফায়ার করে। এতে ঘটনাস্থলেই স্মৃতি চাকমা(৫০), অতল চাকমা(৩০) ও সঞ্জীব চাকমা (৩০) নিহত হন। নিহতদের মধ্যে সঞ্জীব চাকমা গণতান্ত্রিক যুব ফোরামের বাঘাইছড়ি উপজেলা শাখার সদস্য।

বিবৃতিতে সচল চাকমা সংস্কারবাদী জেএসএস-এর একটি বিপথগামী অংশকে সেনাবাহিনীর এজেন্ডা বাস্তবায়নকারী আখ্যায়িত করে বলেন, পার্বত্য চট্টগ্রামে অবৈধ অস্ত্র ও সন্ত্রাসের উপস্থিতি প্রমাণ করতে পরিকল্পিতভাবে সংস্কারবাদী পেলে-সুদর্শন-অংশুমান চক্রকে সেনাবাহিনীর কায়েমী স্বার্থবাদী গোষ্ঠীটি ব্যবহার করছে। তিনি পেলে-সুদর্শন-অংশুমান চক্রকে সেনাবাহিনীর খপ্পর থেকে বেরিয়ে এসে সংগ্রামী জনতার কাতারে সামিল হওয়ার আহ্বান জানান।

বিবৃতিতে তিনি নেতা-কর্মী হত্যা করে ইউপিডিএফ-কে নিশ্চিহ্ন করা যাবে না প্রত্যয় ব্যক্ত করে বলেন, গঠনলব্ধ থেকেই ইউপিডিএফ'র উপর রাজনৈতিক দমন-পীড়ন চালানো হচ্ছে। কিন্তু কোন অপশক্তিই ইউপিডিএফ'র অগ্রযাত্রাকে রোধ করতে পারেনি, ভবিষ্যতেও সকল ষড়যন্ত্র মোকাবেলা করে ইউপিডিএফ তার লক্ষ্য বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে ইউপিডিএফ'র তিন সদস্যকে হত্যার সাথে জড়িত সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীদের আইনের আওতায় এনে বিচারের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।